সৃজনশীল বাংলাদেশ

জেলা শিল্পকলা একাডেমি
সুনামগঞ্জ
**www.shilpakala.sunamganj.gov.bd**

## সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনদের অংশগ্রহণে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | : আহমেদ মঞ্জুরুল হক চৌধুরী, জেলা কালচারাল অফিসার, সুনামগঞ্জ |
| সভার তারিখ | : ১৪.১২.২০২০ খ্রিস্টাব্দ |
| সভার সময় | : ৩.৩০ ঘটিকা |
| স্থান | : সুনামগঞ্জ লোকসংস্কৃতি সংগ্রহশালা, জেলা শিল্পকলা একাডেমি, সুনামগঞ্জ |
| উপস্থিতি | : পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অংশীজনদের পক্ষ থেকে হীরেন্দু ভূষণ তালুকদার মঞ্জু, নতুন পাড়া, সুনামগঞ্জ সদর, জনাব সৌমিত্র চৌধুরী সাগর, নতুনপাড়া, সুনামগঞ্জ সদর, জনাব তছকির আলী, হাছননগর, সুনামগঞ্জ সদর, জনাব যোবায়ের বখত সেবুল, মাইজবাড়ী, সুনামগঞ্জ সদর অংশগ্রহণ করেন। অতঃপর সভায় নিম্নবর্ণিত বিষয়ে আলোচনা ও সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচনা-১ : জনাব হীরেন্দু ভূষণ তালুকদার মঞ্জু জেলা শিল্পকলা একাডেমির রাষ্ট্রীয় সম্পদের যথাযথ ব্যবহার এবং দুর্নীতি প্রতিরোধে নৈতিক মূল্যবোধ নিয়ে দায়িত্ব পালনে সংশিল্পষ্ট সকলের প্রতি অনুরোধ জানান।

সিদ্ধান্ত : রাষ্ট্রীয় সম্পদ ব্যবহার ও দুর্নীতি প্রতিরোধে নৈতিক মূল্যবোধ নিয়ে দায়িত্ব পালন করতে হবে।

আলোচনা-২: জনাব সৌমিত্র চৌধুরী সাগর কোভিড-১৯ সংক্রমণ রোধে জেলা শিল্পকলা একাডেমির অফিস রুমে প্রয়োজনীয় হ্যান্ড স্যানিটাইজার ও অফিস রুম সংলগ্ন ওয়াশরুমে সাবানের ব্যবস্থা করার অনুরোধ জানান।

সিদ্ধান্ত : জেলা শিল্পকলা একাডেমির অফিস রুমে প্রয়োজনীয় হ্যান্ড স্যানিটাইজার এবং অফিস সংলগ্ন ওয়াশরুমে প্রয়োজনীয় সাবান সরবরাহের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচনা-৩ : জনাব তছকির আলী হাছন রাজা মিলনায়তন প্রাঙ্গানে চার লোককবির ভাস্কর্যের নাম ফলক পুনঃস্থাপনের অনুরোধ জানান।

সিদ্ধান্ত : চার লোককবির ভাস্কর্যের নাম ফলক পুনঃস্থাপনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

আহমেদ মঞ্জুরুল হক চৌধুরী
জেলা কালচারাল অফিসার
সুনামগঞ্জ

স্মারক নং : ৪৩.২০.৯০০০.০০০.০০.০০১.২০.৬৭ তারিখ : ১৫.১২.২০২০ খ্রিস্টাব্দ

অনুলিপি : সদয় অবগতি জন্য
১. জেলা প্রশাসক ও সভাপতি, জেলা শিল্পকলা একাডেমি, সুনামগঞ্জ।
২. অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), সুনামগঞ্জ।
৩. অফিস কপি।

আহমেদ মঞ্জুরুল হক চৌধুরী
জেলা কালচারাল অফিসার,
সুনামগঞ্জ